## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ⁄০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা
বিশুদ্ধ পৈতা
পণ্ডিত-প্রেসে পাইবেন।

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৪০শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১লা পৌষ বুধবার ১৩৬০ ইংরাজী 16th Dec, 1953 { ২৯শ সংখ্যা






ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

G. P. Service

## সাফল্য ও সমৃদ্ধির পথে

বৃহত্তর ক্ষেত্রে জনসেবার যে গৌরব ও জনগণের যে অকুণ্ঠ আস্থার উপর ভিত্তি করিয়া হিন্দুস্থান উত্তরোত্তর সমৃদ্ধির পথে অগ্রসর হইতেছে এবং যে সঙ্গতি, সততা ও প্রতিষ্ঠা হিন্দুস্থানের পূর্ব্বাপর বৈশিষ্ট্য, তাহার সুস্পষ্ট পরিচয় পাওয়া যায় ইহার ১৯৫২ সালের ৪৬তম বার্ষিক কার্য্য-বিবরণীতে।

**নূতন বীমা**
**১৬,৩৮,৭৯,২৯৮৲**

| | |
|---|---|
| মোট চলতি বীমা | ৮৬,৭১,৮৫,০৪০৲ |
| মোট সম্পত্তি | ২২,৫৯,৮৩,০৫৬৲ |
| বীমা ও বিবিধ তহবিল | ১৯,৭৭,৭৬,২৮৭৲ |
| প্রিমিয়ামের আয় | ৩,৯৪,২২,৩৭১৲ |
| দাবী শোধ (১৯৫২) | ৮৮,৮২,২৭১৲ |

হিন্দুস্থানের বীমাপত্র নিরাপদ সারবান ও লাভজনক।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১লা পৌষ বুধবার সন ১৩৬০ সাল

## "যদি"

—•—

'যদি' শব্দটি খুব সংশয়পূর্ণ। আমাদের পঠদ্দশায় একজন শিক্ষক বলিতেন—দেখ বাপু, ৴১০ দুই পয়সা বা ৵০ এক আনা হইলে নদী পার হওয়া যায়, কিন্তু যদি পার হওয়া খুব কঠিন। তিনি ভাল ইংরাজী জানিতেন না তবুও বলিতেন—নীলকুঠির সাহেবের মুখে শুনেছি--There is nothing so stiff as "if". (দেয়ার ইজ নথিং সো ষ্টিফ্ য্যাজ ইফ্) 'ইফ্' মানে 'যদি' এবং 'ষ্টিফ্' মানে 'কঠিন'।

যত সর্ত্তাধীন কাজ সব যদির উপর নির্ভর করে। "যদি তুমি আমার মোট বয়ে নিয়ে যাও, তোমাকে খেতে দিব। যদি না নিয়ে যাও দিব না।" যদি আমার সীমানার মধ্যে পা দাও, মাথা ভেঙে দিব। দেবতার কাছে মানসা করতে গিয়েও আমরা এই যদির খেলা খেলতে ছাড়ি না। যেমন "মা কালি যদি আমার খোকার অসুখ সারে তোমাকে জোড়া ঢাক, জোড়া পাঁঠা দিয়ে পুজো দিব।"

পাকীস্থানের সঙ্গে আমেরিকার সামরিক সাহাযোর চুক্তি নিয়ে বহু 'যদি'র সৃষ্টি হয়েছে। এই চুক্তি যদি হ'য়েই থাকে তবে ভারত শুধু নয় মধ্য ও দক্ষিণ এসিয়ার পক্ষে ব্যাপারটি খুব গুরুত্বপূর্ণ। রাশিয়াও ব্যাপারটা নিয়ে মাথা ঘামাতে আরম্ভ করেছে। তার ভয়—আমেরিকা কি পাকীস্থানকে শুধুই অস্ত্র দিয়ে সাহায্য করবে—এর পরিবর্ত্তে সে নিশ্চয় পাকীস্থানে ঘাঁটি বসাতে চাইবে। যদি তাই হয় তবে রুশিয়ার পক্ষে সেটা খুব শুভ নয়।

রুশিয়ার সঙ্গে ভারত এই সময়ে পাঁচ বৎসরের জন্য বাণিজ্যচুক্তি করেছে—শুনেই মার্কিনের ভাইস-প্রেসিডেন্ট নিক্সন সাহেব ছুটে এসেছেন দিল্লীতে যদি এ ব্যাপারে বাধা দিতে পারেন। ভারত যেন ইঙ্গ-মার্কিন ব্লক ছেড়ে রুশিয়ার খপ্পরে না পড়ে। মোটর গাড়ী হ'তে আরম্ভ করে ছুঁচ পর্য্যন্ত এই ইঙ্গ-মার্কিন ভারতে সরবরাহ করে। খাদ্য যখন এদের নিকট হ'তে আসে সব আরক বাহির করা গম আমরা খাই। এমন সুন্দর নিরীহ খদ্দের কেউ ছাড়তে চাহে কি? নিক্সন সাহেব এসে কিছু করতে পারেন নি। ছুটেছিলেন করাচী পাকীস্থানকে খুসি করতে।

রুশিয়া ভাবছে যদি মার্কিন পাকীস্থানে ঘাঁটি করে, তবে গোলমাল, আর আমেরিকা ভাবছে ভারত যদি পাকীস্থানকে অস্ত্র দিলে বিরূপ হয়।

ভারতও বাদ যায় না, ভাবিতেছে যদি পাকীস্থানের অস্ত্র বল বাড়ে তবে খুব মঙ্গল নয়। আমেরিকা যদি তার পেছনে দাঁড়ায় তার তরঙ্গ বেড়ে যাবে। ভারত-রুশ বাণিজ্য চুক্তিতে ভাবছে মার্কিন। মার্কিন-পাকীস্থান সামরিক চুক্তিতে ভারত কম চিন্তান্বিত নয়। রুশিয়াও তাই। মোট কথা পাক-মার্কিন সামরিক চুক্তিতে এসিয়ার রাজনীতি ক্ষেত্রে এক গুরুতর পরিস্থিতির উদ্ভব হইয়াছে।

নিখিল ভারত কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক শ্রীযুক্ত অগ্রবাল কংগ্রেসের সমস্ত সংগঠনের প্রতি এক সার্কুলার প্রচার করিয়াছেন—"পাক-মার্কিন সামরিক চুক্তির বিপজ্জনক পরিণতি সম্বন্ধে জনমতকে সংগঠিত করিতে হইবে। এই ধরণের চুক্তির শুধু ভারত-পাকিস্থানেই নয়, সমগ্র দক্ষিণ এসিয়াতে সুদূরপ্রসারী প্রভাব পড়িতে বাধ্য। তাঁহার মতে, এই অঞ্চলে সমস্ত শক্তির ভারসাম্য ওলট-পালট হইয়া যাইবে। ঠাণ্ডা যুদ্ধ আমাদের দ্বার প্রান্তে আসিয়া পৌছিবে এবং গরম যুদ্ধ সুরু হইবে। তাহাও ঘটিবে আমাদের ঘাড়ের কাছে।"

শ্রীযুক্ত অগ্রবাল সার্কুলার মধ্যে এমন এক গা বাঁচান ভাষা ব্যবহার করিয়াছেন যে পাক-মার্কিন চুক্তির বিরুদ্ধে জনমত গঠন করার সময় যেন পাকীস্থান ও আমেরিকার কাহারও বিরুদ্ধে প্রচার করা না হয়। এতেও 'যদির' খেলা আছে—যদি পাকীস্থান বা আমেরিকা রাগান্বিত হয়।

আমরাও এই 'যদি' অবলম্বন করিয়া গত সাত বৎসর কষ্টকে কষ্ট বলিয়া মনে স্থান দিই না। যদি আবার এই সরকার ভাল সরকার হয়। যদি কাঁকর মিশানো চাল ভাল করিয়া দেন। 'যদি' আমাদের বাঁচিয়ে রেখেছে।

—————

## জঙ্গীপুর কলেজ

জঙ্গীপুর কলেজের সর্বাঙ্গীন উন্নতিকল্পে অর্থসংগ্রহের জন্য গভর্ণমেণ্টের অনুমোদনক্রমে কলেজ পরিচালক সমিতির প্রচেষ্টায় একটী লটারীর অনুষ্ঠান করা হইতেছে। আগামী ৪ঠা এপ্রিল রবিবার বেলা বারটার সময় জঙ্গীপুর কলেজে মহকুমা শাসক মহোদয়ের তত্ত্বাবধানে প্রকাশ্যভাবে লটারীর ড্রইং হইবে। টিকিটের মূল্য জমা দিবার শেষ তারিখ আগামী ২৪শে মার্চ। প্রতি টিকটের মূল্য ১৲ মাত্র। মোট ২৩টী পুরস্কার। এই অনুষ্ঠানে সর্বসাধারণের সক্রিয় সহানুভূতি ও পৃষ্ঠপোষকতা একান্তভাবে কাম্য।

—————

## সিঁদ চুরি

গত ২৫শে অগ্রহায়ণ শুক্রবার রাত্রিতে রঘুনাথগঞ্জের স্বর্গীয় ইন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় মহাশয়ের বাটীর পশ্চিম সংলগ্ন শ্রীকিঙ্করমোহন দত্তের পাকা দালান ঘরে সিঁদ দিয়া চোরে ৮।৯টী বাক্স ও বাসনাদি লইয়া গিয়াছে। বাক্সগুলি নিকটস্থ আম বাগানে ভগ্ন অবস্থায় পাওয়া গিয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে।

—————

## প্রাথমিক বৃত্তি পরীক্ষা

আগামী ২১শে ও ২২শে ডিসেম্বর প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে। জঙ্গিপুর হাই স্কুল পরীক্ষা-কেন্দ্রে ১৫৬টী ছাত্র পরীক্ষা দিবে বলিয়া প্রকাশ।

—————

## ডি, ডি. টি স্প্রে

সরকারী স্বাস্থ্য বিভাগ হইতে এই মহকুমার কতকগুলি ইউনিয়নের গ্রামাঞ্চলে এবং জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জের প্রতি বাড়ীতে ডি. ডি. টি. স্প্রে দেওয়া আরম্ভ হইয়াছে।

## কলেরা

এই নিরন্ন দেশে কলেরার মত সাংঘাতিক রোগ ব্যাপক হইলে আর রক্ষা নাই। একে দিনগত পাপক্ষয় করা দুঃসাধ্য হইয়া পড়িয়াছে, তার উপর মহামারীর আক্রমণে কোলের খোকা চক্ষের সামনে মরিবে,—নিরুপায় দরিদ্র গৃহস্থের "নিরাশ্রয়ং মাম্ জগদীশ রক্ষ" এই প্রার্থনা ভিন্ন উপায় কি?

সরকার এই সব সংক্রামক ব্যধির হস্তে লোক রক্ষার জন্য দেশে মিউনিসিপালিটি, জেলা বোর্ড প্রভৃতি প্রতিষ্ঠানের সৃষ্টি করিয়াছেন। এই সব প্রতিষ্ঠানের পরিচালক নিয়োগের ভার দেশের লোকের উপর প্রদত্ত হইয়াছে। তাঁহারা ভোট দিয়া এই সব মুরুব্বিদের নিয়োগ করিয়া থাকেন। এই সব ভাগ্যবিধাতারা বিনামূল্যে পরহিতব্রত গ্রহণ করিয়া সম্মানের আসনে উপবেশন করিবার জন্য যত লালায়িত, আসনে বসিবার পর তাঁহাদের সম্বন্ধে বলা চলে—

"ভোট মাগে এ বাবুরা দ্বারে দ্বারে ফিরি,
তক্তে ব'সে করে শেষে দন্ত কিড়িমিড়ি।"

দরিদ্র সাধারণ ইঁহাদের গদীতে বসাইবার জন্য ভোট দিবার অধিকারী কিন্তু গদী হইতে হেঁচড়াইয়া নামাইবার অধিকারী তাঁহারা নন। ঢোলের ডুগডুগী বাজাইয়া টেক্সের তাগাদা খুব জোর চলে, কিন্তু ডুগডুগী বাজাইয়া কলেরা থামান যায় না।

কলেরার মত নরক্ষয়কারী মহামারীর সময় ভোট গৃহীতাদের কর্ম্মদক্ষতার পরীক্ষা করার সুযোগ পাওয়া যায়। গরীব করদাতারা তাঁহাদের ভোটে গড়া বাবুদের গাফিলতীতেও যাঁহারা মরণ বরণ করিবেন না, তাঁহারা আগামী নির্ব্বাচনে ভোটের 'কলেরা' যাহাতে ব্যাপক হয়, তাহার জন্য অপেক্ষা করুন।

## বিজ্ঞপ্তি

জংগীপুর উচ্চ বিদ্যালয়ের প্রাথমিক বিভাগে এতদিন কেবল তৃতীয় ও চতুর্থ শ্রেণীই ছিল। আগামী বর্ষ (১৯৫৪) হইতে এখানে এই সঙ্গে প্রথম ও দ্বিতীয় শ্রেণীও খোলা হইতেছে। সুযোগ্য শিক্ষকের তত্ত্বাবধানে বেশ যত্ন ও মনোযোগের সহিত এখানে পড়ান হয়।

শ্রীঅমরনাথ রায়, প্রধান শিক্ষক,
জংগীপুর উচ্চ বিদ্যালয় (প্রাথমিক বিভাগ)

## Notice.

1. Applications are invited in prescribed forms for the granting of six permits for Auto-Rickshaws designed to convey not more than four passengers each excluding driver to ply in this region outside the jurisdiction of Berhampore Municipality.

Applications will be received by the undersigned upto 25. 12. 53.

2. Applications for the provision of five Inter-Regional Public Carrier route permits to operate between Murshidabad and Birbhum regions are invited. Each applicant should furnish details of his business interests in Birbhum and should satisfy the R.T.A. re: the manner in which it is claimed that public need will be served by the vehicles.

Applications will be received by the undersigned upto 25. 12. 53.

Sd/- S. B. Majumdar,
Secretary,
Regional Transport
Authority,
Murshidabad.

Berhampore
The 7th December,
1953.

## ধানের অন্যায্য মূল্য

সরকার অবগত হইয়াছেন যে, ক্রয়নীতি বন্ধ হওয়ার দরুণ "ধানের বাজার দর নামিয়া যাইবে" এই ভুল ধারণায় কোন কোন জেলায় চাষীরা প্রতি মণ ৬৲ ছয় টাকা ৬৷৷৹ সাড়ে ছয় টাকা দরে বিক্রয় করিতেছেন।

যাহা হউক সরকার জানাইয়াছেন যে, তাঁহারা ধানের দর প্রতি মণ ৭৷৷৹ সাড়ে সাত টাকার নীচে নামিয়া যাইতে দিবেন না বলিয়া স্থির করিয়াছেন।

কোনও স্থানে ধানের বাজার দর মণ প্রতি ৭৷৷৹ সাড়ে সাত টাকার নীচে নামিয়া গেলে উৎপাদনের ন্যায্য মূল্য দিবার জন্য সরকার নিজেই সেখানে ধান কিনিতে আরম্ভ করিবেন।

সুতরাং চাষীদের স্বার্থরক্ষার্থে সরকার উপদেশ দিতেছেন যে, তাঁহারা যেন ভীত হইয়া তাড়াতাড়ি অন্যায্য মূল্যে মজুত ফসল বিক্রয় না করেন।

প্রচার দপ্তর, জঙ্গীপুর।

## "নির্দ্দেশ"

বহরমপুর গোরাবাজার হইতে এই নামের একখানি পাক্ষিক পত্রের তিন সংখ্যা পড়িয়া আমরা খুব আনন্দিত হইয়াছি যে সময় কলিকাতা মহানগরীর বুকের উপর সংবাদ সংগ্রহে রত সাংবাদিকদের অঙ্গে পুলিশ প্রহরীগণ বেদম প্রহার চালাইয়া নিরপরাধী, এবং "রাম-ঠোকন লক্ষ্মণ-ঠোকন" খাইয়া সাংবাদিকগণ অপরাধী বলিয়া ঘোষিত হইল, সেই সময়ে নূতন সংবাদপত্র প্রকাশের প্রবৃত্তি সম্পাদকের সাহসিকতার পরিচয় দিতেছে।

কাগজখানি দরিদ্রের জন্য দরদে ভরা। লেখার কায়দাও সুন্দর। সত্যকথা বলার সৎসাহস প্রশংসনীয়। মূল্য বাৎসরিক মাত্র ২৲ টাকা। সাধারণ লোকের ক্রয় শক্তির বাহিরে নয়। আমরা "নির্দ্দেশ"কে নির্দ্দেশ দিবার যোগ্যতার স্পর্দ্ধা না করিয়া সসম্মানে নিবেদন করি—"পরমাসুন্দরী কন্যা একটি চক্ষু কানা"—যেমন কষ্টদায়ক, তেমনি সুন্দর লেখার মধ্যে বর্ণাশুদ্ধি সমজদার পাঠকের প্রাণে যেন ব্যথা না দেয়।

ভগবানের নির্দ্দেশে "নির্দ্দেশ" দীর্ঘায়ুসহ উন্নত হউক—আমরা এই কামনা করি।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৮ই জানুয়ারী ১৯৫৪

১৯৫৩ সালের ডিক্রীজারী

২৬১ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলাক্ষা দেং দক্ষিণারঞ্জন বিশ্বাস দিং দাবি ১৭৭৷৷৵৩ থানা সাগরদিঘী মৌজে সাওরাইল ৪-৩৩ শতকের কাত ৩৬৶৫ আঃ ১০০৲ থং ৩১৫

২৬২ থাং ডিঃ বিভূতিভূষণ চক্রবর্ত্তী দেং ফুরু বেওয়া দাবি ১৩।৴০ থানা সাগরদিঘী মৌজে বড়গড়া ৭৮ শতকের কাত ২৲ আঃ ১০৲ থং ৩০৩

১৯৩ থাং ডিঃ প্রশান্তকুমার রায় দিং দেং ইয়াসিন মণ্ডল দাবি ৮৩।৵৩ থানা সাগরদিঘী মৌজে নিম্পিবিড়ল ৩-৭৭ শতকের কাত ১৪৶৯ আঃ ২৫৲ থং ২১৬, ১২৩

২৭৩ থাং ডিঃ সেবাইত বীরেন্দ্রনাথ মহাতা দিং দেং সামাউন সেখ দিং দাবি ৩৩।৴৩ থানা সাগরদীঘি মৌজে ফুলসহরী ৯৪ শতকের কাত ৫৲ আঃ ১০৲ থং ৩৭

২৭৪ থাং ডিঃ নেহালিয়া ট্রাষ্ট ষ্টেটের ট্রাষ্টিগণ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং মোঃ মহম্মদ কুদরতুল্লা দিং দাবি ৩৩॥৩ থানা সাগরদীঘি মৌজে নওপাড়া ৩১৫ শতকের মধ্যে ২৪ শতকের কাত ৪৸০ আঃ ১০৲ খং ২৬১

২৭৫ থাং ডিঃ সেবাইত মহান্ত গণপতি দাস গোস্বামী দেং ধরণীধর দেবনাথ কবিরাজ দিং দাবি ২১৸৶৯ থানা সাগরদিঘী মৌজে ব্রাহ্মণীগ্রাম ৩০ শতকের কাত ১৷৴০ আঃ ১০৲ খং ৫৬৮

২৭৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২২৸৶৯ থানা ঐ মৌজে সাগরদিঘী ৩৪ শতকের কাত ২৷১০ আঃ ১০৲ খং ৮৯

২৮০ থাং ডিঃ বিমল সিংহ কুঠারী দেং এবাস সেথ দিং দাবি ৮৪৷৶৯ থানা সাগরদিঘী মৌজে ইমামনগর ১-২২ শতকের কাত ১৷৮৸ মণ কাঁচি চাউল আঃ ৫০৲ খং ৬৮

২৮৪ থাং ডিঃ ঐ দেং সন্তোষকুমার রায় দিং দাবি ৫২৲৩ মৌজাদি ঐ ৮৪ শতকের কাত ১॥৭॥০ কাঁচি চাউল জমা আঃ ৩৫৲ খং ৮৯

২৮৯ থাং ডিঃ ঐ দেং বিবি রাবিয়াতুন দিং দাবি ৪৯৷৶৯ মৌজাদি ঐ ৯২ শতকের কাত ১॥৫ সের চাউল আঃ ২০৲ খং ৩৬

২৯৫ থাং ডিঃ ঐ দেং আফসর সেথ দাবি ২৬৷৶৩ মৌজাদি ঐ ২৬ শতকের কাত ॥৭॥০ সের চাউল কাঁচি আঃ ১০৲ খং ৭০

২৯৬ থাং ডিঃ ঐ দেং সোলেমন বিবি দাবি ১৭৷৵৬ মৌজাদি ঐ ০৮ শতকের কাত ৷৩॥৵০ সের কাঁচি চাউল আঃ ৫৲ খং ৭০

২৮২ থাং ডিঃ ঐ দেং ধরণীধর দেবনাথ কবিরাজ দিং দাবি ২২৴৩ থানা ঐ মৌজে ব্রাহ্মণীগ্রাম ৭৫ শতকের কাত ৪৷৶৯ আঃ ১০৲ খং ৩৩২

২৯১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৬॥৵৩ মৌজাদি ঐ ৪৬ শতকের কাত ২৷৵১০ আঃ ৫৲ খং ৩৩৪

২৯৩ থাং ডিঃ ঐ দেং তোজম্মল হোসেন মির্জ্জা দিং দাবি ৭৪৶৯ মৌজাদি ঐ ২-১৭ শতকের কাত ১২॥০ আঃ ৩০৲ খং ৪০৬

২৯৪ থাং ডিঃ ঐ দেং রঘুনাথ দাস দাবি ২৯৵৬ মৌজাদি ঐ ৭-৩৪ শতকের কাত ৭॥০ আঃ ১৫৲ খং ২৩৫

২৯২ থাং ডিঃ ঐ দেং শ্রীপ্রসাদ দাস দাবি ৬৬ ৯ থানা সাগরদিঘী মৌজে ব্রাহ্মণীগ্রাম রতনপুর ২-৮৫ শতকের কাত ২১৲ আঃ ৫০৲ খং ২২৮, ১৫৫

২৯৭ থাং ডিঃ ঐ দেং রমাপ্রসাদ সাহা দিং দাবি ১৬৲৬ থানা ঐ মৌজে রতনপুর ১-০৪ শতকের কাত ৩॥৯ আঃ ৫৲ খং ১৬০

২৯৮ থাং ডিঃ ঐ দেং রাসবিহারী দাস দাবি ৭১৷৬ থানা ঐ মৌজে রতনপুর ও ব্রাহ্মণীগ্রাম ৩-৮৩ শতকের কাত ১৫৶৭ আঃ ৫০৲ খং ১৫৭, ২৩২

৩০২ থাং ডিঃ ঐ দেং শ্বেতবরণী দাসী দাবি ১৬৴৯ থানা ঐ মৌজে খাড়ুগ্রাম ১-০১ শতকের কাত ৫৵০ আঃ ১৫৲ খং ১৬২

৩০৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৸৬ মৌজাদি ঐ ৩-১৩ শতকের কাত ১০॥৴১১ আঃ ২৫৲ খং ১৮৭

৩০৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৫॥৴০ মৌজাদি ঐ ৮০ শতকের কাত ৪৶৬ আঃ ১৫৲ খং ১৮৮

২০৭ থাং ডিঃ সেবাইত রাধাবল্লভ নাথ দেং বেসল ঘোষাণী দিং দাবি ৪৮৷৵৩ থানা সাগরদিঘী মৌজে দোগাছি ৮-৭৪ শতকের কাত ১৭৸৫ আঃ ১০৲ খং ৬৩ রায়ত স্থিতিবান স্বত্ব

১৯৬ থাং ডিঃ দেবেন্দ্রনারায়ণ বন্দ্যোপাধ্যায় দিং দেং বিধুভূষণ মাল দাবি ১০৲৯ থানা সাগরদিঘী মৌজে পোপাড়া ১০ শতকের কাত ২॥০ আঃ ১০৲ খং ৪৫৫ ও অধীনস্থ

২৭৮ থাং ডিঃ ট্রাষ্টী রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং কুদরতুল্লা মির্জ্জা দাবি ১৫৷৶৬ থানা সাগরদীঘি মৌজে নওপাড়া ১-৫২ শতকের কাত ২৷৵৩ আঃ ৫৲ খং ২৫৬, ২৫৭

২৭৯ থাং ডিঃ ঐ দেং তারাপদ বন্দ্যোপাধ্যায় দিং দাবি ২১৷৵০ মৌজাদি ঐ ১-১০ শতকের কাত ৩৸০ আঃ ৫৲ খং ২৪

২৭৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৪৷৶৭ মৌজাদি ঐ ৯-৪৯ শতকের কাত ১৮৲ আঃ ১০৲ খং ২৪ অধীনস্থ খাতয়ান ৩৫০, ৩৫১

২৩৬ থাং ডিঃ সেবাইত রাজা কমলারঞ্জন রায় দেং অজেদ সেথ দিং দাবি ৩৭৷৵০ থানা সাগরদীঘি মৌজে ভুরকুণ্ডা ২-৮৮ শতকের কাত ৮॥৴৯ আঃ ২৫৲ খং ১৭৮

৮২ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দিং দেং গৌরবিনী ব্রহ্মণ্যা দিং দাবি ১৪৭৷৴০ থানা ফরাক্কা মৌজে সিকমি ভৃগুরামপুর ২৭-৫৪ শতকের কাত ১০॥০ সেস ২॥৴৲ শিক্ষাসেস ৩৲ আঃ ৫০৲ খং ৪

৬১ থাং ডিঃ কুমার নৃপেন্দ্রচন্দ্র পাঁড়ে দিং দেং হেমচন্দ্র মিত্র দিং দাবি ৪৪৸৶৩ থানা ফরাক্কা মৌজে আলাইপুর ১০-৪৩ শতকের কাত ৫৷৴৪ আঃ ২৫৲ খং ৩১৯

২২৯ থাং ডিঃ সৌরেন্দ্রনাথ রায় দেং ভাদু মণ্ডল দাবি ১২॥৶৩ থানা সমসেরগঞ্জ মৌজে অনুপনগর ১২ শতকের কাত ১৷৶১০ আঃ ৫৲ খং ২৫৬৬

২৭০ থাং ডিঃ ঐ দেং যতীন্দ্রনাথ সরকার দিং দাবি ১৬৸৴৬ মৌজাদি ঐ ২৬ শতকের কাত ৪৷৶৴০ আঃ ১০৲ খং ২৩৭৭

৩০৭ থাং ডিঃ ঠাকুরপ্রসাদ ভকত দিং দেং সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় দাবি ৬২৶৩ থানা ফরাক্কা মৌজে কুলী ॥৩০ কাঠার কাত ৯৸৶০ আঃ ২৫৲ খং ৭১৪ কোর্ফা

২২৮ থাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দেং অখিলচন্দ্র মণ্ডল দিং দাবি ৭০৸৵৩ থানা সুতি মৌজে লোকাই-পুর ৬-৩৯ শতকের কাত ১৪৵৯ আঃ ৫০৲ খং ১৫৫

২৬৯ থাং ডিঃ উমাপদ চৌধুরী দেং ধীরেন্দ্রনাথ সিংহ দাবি ১৫॥৩ থানা ফরাক্কা মৌজে হোসেনপুর ৫০ শতকের কাত ৸৶০ আঃ ১০৲ খং ১২৯

২৬০ থাং ডিঃ ঐ দেং হরেকচান্দ ভকত দিং দাবি ২১॥৵৬ মৌজাদি ঐ ২-৯৩ শতকের কাত ১৸৵৮ আঃ ১০৲ খং ৩১২

২৬৭ থাং ডিঃ ঐ দেং মির সোলেমান আলি দাবি ১৭॥৴৯ মৌজাদি ঐ ৫৩ শতকের কাত ১৸৴৩ আঃ ১০৲ খং ১৪০ রায়ত স্থিতিবান স্বত্ব

২৫৮ থাং ডিঃ সৃষ্টিধর মণ্ডল দেং উমাপদ চৌধুরী দাবি ৪৫॥৯ থানা ফরাক্কা মৌজে আন্ধুয়া ১৮ শতকের কাত ৬॥৴৬ আঃ ১৫৲ খং ৯৯, ১০০

২৮ স্বত্ব ডিঃ হেমবরণ চক্রবর্ত্তী দেং রসরাজ ঘোষ দাবি ৯১৸০ থানা সাগরদিঘী মৌজে বড়গড়া ২০ শতকের কাত ৩৲ আঃ ১০৲ খং ৬৪১ ২নং লাট মৌজাদি ঐ ১২ শতকের কাত ১৷০ আঃ ১০৲ খং ১২৯৯ ৩নং লাট মৌজাদি ঐ ৮ শতকের কাত ॥০ আঃ ১০৲ খং ৮১৬ ৪নং লাট মৌজাদি ঐ ১-০৫ শতকের ৷৵০ আঃ ১৫৲ খং ৬৪২ ৫নং লাট মৌজাদি ঐ ২১ শতক আঃ ১৫৲ খং ৭ (ক)

---

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## *নিলামের দিন ১১ই জানুয়ারী ১৯৫৪*

১৯৫৩ সালের ডিক্রীজারী

৪১৬ খাং ডিঃ ব্রজগোপাল সেন দেং উমেশা বিবি দিং দাবি ১৯৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে বায়ালা ৬৯ শতকের কাত ৭||৵৯ আঃ ১০৲ থং ১৫৩৮

৫৫১ খাং ডিঃ অর্দ্ধেন্দুশেখর নাথ দিং দেং নলিনী মজুমদার দিং দাবি ২০৸৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাঘা ৪২ শতকের কাত ১।/০ আঃ ১০৲ থং ১৬৫ রায়ত স্থিতিবান স্বত্ব

৫৫২ থাং ডিঃ ঐ দেং মণিপদ মণ্ডল দিং দাবি ১৯৵৬ মৌজাদি ঐ ৬৯ শতকের কাত ১৸৶১০ আঃ ১০৲ থং ১৪২

৩৩৭ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং মণিমোহন চৌধুরী দেং বেলাত আলি মণ্ডল দাবি ৩৭||৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাহাদীনগর ও নিস্তা মধ্যে ৫-২৮ শতকের কাত ৫৸৶৭||০ আঃ ৪৫০৲ থং ৫৩, ৩২, ৫২, ৮০, ৮৭, ৮৮, ২১ রায়ত স্থিতিবান স্বত্ব

৩৯৯ খাং ডিঃ সেবাইত পশুপতি চক্রবর্ত্তী দিং দেং সরোজাক্ষ মুখোপাধ্যায় দিং দাবি ৯১।৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে নাইত বৈদড়া ৪-৩৪ শতকের কাত ২৯||/ আঃ ৫০৲ থং ৪১০ রায়ত স্থিতিবান স্বত্ব

৪০০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৬৶৯ মৌজাদি ঐ ৫৯ শতকের কাত ৩৸/৯ আঃ ২০৲ থং ৪০৯ রায়ত স্থিতিবান স্বত্ব

২৭৪ থাং ডিঃ মহেশপুর রাজ এষ্টেট দিং দেং ইয়াকুব বিশ্বাস দিং দাবি ২৮।৵০ থানা সুতি মৌজে হোসেনপুর ৭৪ শতকের কাত ৩/৬ আঃ ১৮৲ থং ৭২

২৭৫ থাং ডিঃ ঐ দেং কণিকারাণী দেবী দাবি ৫৩||৵০ থানা ঐ মৌজে আমডোল ২-৫৪ শতকের কাত নিজাংশে ৫||২ আঃ ৩০৲ থং ১৫৬

৩৩০ থাং ডিঃ ঐ দেং রণজা বিবি দাবি ৪৮।০ থানা ঐ মৌজে হাজিপুর ও বামুহা ৭-২৩ শতকের কাত নিজাংশে ৬।৬ আঃ ৩৫৲ থং ১১৪, ১৬৩, ১৬৪

৩৩১ থাঃ ডিঃ ঐ দেং ঐ দাবি ৬৯||৩ মৌজাদি ঐ ৮-৭২ শতকের কাত নিজাংশে ৫৸/৪ আঃ ৩৫৲ থং ১১৩, ১৫৭

৩২৬ থাং ডিঃ ঐ দেং খেতাবুদ্দিন বিশ্বাস দিং দাবি ২৮।৵৩ মৌজাদি ঐ ১-৯১ শতকের কাত নিজাংশে ২৵৭ আঃ ১২৲ থং ৪৭, ৭৮

৩২৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৩৶৩ থানা ঐ মৌজে হাজিপুর ২-৩৬ শতকের কাত নিজাংশে ১৸/৭ আঃ ১০৲ থং ৪৬

৩২৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৬৸৶৬ মৌজাদি ঐ ১-২৭ শতকের কাত নিজাংশে ||৶৯ আঃ ৫৲ থং ৪৮

৩৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩৲ মৌজাদি ঐ ৯ শতকের কুল্লে নিজাংশে ||৵০ আঃ ৫৲ থং ২৭, ২৮

৪৭ মনি ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং ইদৃশ মণ্ডল দাবি ১৩২/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে চন্দ্রবাগ-ডাঙ্গা ১নং লাট ১১৭৯ শতকের কাত ১০৵০ তন্মধ্যে দেনদারের দখলীয় ১৭ শতকের কাত ৵৫ আঃ ১৫৲ থং ২৫৫ ২নং লাট ৬০০ শতকের কাত ।৶০ তন্মধ্যে দেনদারের দখলীয় ১৬||০ শতকের কাত ৵৩ আঃ ১৫৲ থং ১৮০ ৩নং লাট ২৮-৮৭ শতকের কাত ৪৸৶০ তন্মধ্যে দেনদারের দখলীয় ১৯ শতকের কাত ৵৩ আঃ ৬৫৲ থং ১৫১

৫১ মনি ডিঃ ঐ দেং মোক্তার সেথ দাবি ২০৩৵৩ মৌজাদি ঐ ১ নং লাট ১১-৭৯ শতকের কাত ১০৵০ তন্মধ্যে দেনদারের দখলীয় ৬৬ শতকের কাত ||/৮ আঃ ৫০৲ থং ২৫৫ ২নং লাট ৬০০ শতক তন্মধ্যে দেনদারের নিজাংশে ৭৫ শতকের কাত ৵১০|| আঃ ৬৫৲ থং ১৮০ ৩নং লাট ২৮-৮৭ শতক তন্মধ্যে দেনদারের দখলীয় ৩-৬১ শতকের কাত ||/১০||০ আঃ ১৭৫৲ থং ১৫১ ৪নং লাট ৯-৩৭ শতকের কাত ১।/০ তন্মধ্যে দেনদারের দখলীয় ৫৮।০ শতকের কাত /৩ আঃ ৫০৲ থং ১৮৬ ৫নং লাট ৩২-৪২ শতকের কাত ১৶০ তন্মধ্যে দেনদারের দখলীয় ২-১২ শতকের কাত ৵১৪ আঃ ১৬০৲ থং ১৯৩ ৬নং লাট ১২-৬১ শতকের কাত ১৸/০ তন্মধ্যে দেনদারের দখলীয় ১-০০ শতকের কাত ৵০ আঃ ৭৫৲ থং ৫৮১

১৯ স্বত্ব ডিঃ মহম্মদ ইউনুস মণ্ডল দিং দেং মরিওম বিবি দাবি ৬১০৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে মির্জ্জাপুর ২-৩০ শতক জমি জমিদার ধরমচাঁদ সেরাওগী দিং এর সেরেস্তায় নিষ্কর দার গোলাম খাঁ নামে লেখা যায় আঃ ৪৫০৲ থং ১১৩৬ মধ্য স্বত্বাধিকারী চিরস্থায়ী নিষ্কর


## জঙ্গীপুর কলেজ উন্নয়ন লটারী

( গভর্ণমেণ্ট অনুমোদিত )

*টিকিটের মুল্য ১৲ টাকা মাত্র*

## *অন্যূন এক লক্ষ টাকার*

*টিকিট বিক্রয়ের পরিকল্পনা*

প্রথম পুরস্কার—দেয় অর্থের শতকরা ৫০ ভাগ
দ্বিতীয় পুরস্কার " " " ২৫ ,
তৃতীয় পুরস্কার " " " ৫ "
অতিরিক্ত ২০টী পুরস্কার

প্রতিটী—দেয় অর্থের শতকরা এক ভাগ

আগামী ৪ঠা এপ্রিল বেলা বারটায় জঙ্গীপুর কলেজে প্রকাশ্যভাবে মহকুমা শাসকের তত্ত্বাবধানে ড্রইং হইবে।

টাকা জমা দিবার শেষ তারিখ ২৪শে মার্চ '৫৪


সর্ব্বসাধারণের সহানুভূতি প্রার্থনীয়

প্রতি টাকায় দুই আনা কমিশনে সর্ব্বত্র এজেণ্ট নিযুক্ত করা হইবে।

## অপেরীণ




ডাক্তার বি. এন রায় করেন আবিষ্কার,
ল্যান্সেটের খোঁচা খেতে হবে না কো আর।
বাগী, ফোড়া, পৃষ্ঠাঘাত আদি যত রোগে,
অপারেশন ক'রে লোক কি যন্ত্রণা ভোগে!
প্রথম অবস্থায় যদি করে ব্যবহার,
একেবারে বসে যাবে পাকিবে না আর
পরবর্ত্তী অবস্থাতে আপনি যাবে ফেটে,
কষ্ট পেতে হইবে না ছুরী দিয়ে কেটে।
দামও মোটে দেড় টাকা মাশুল তের আনা।
ফতেপুর, গার্ডেনরীচ ( কলিকাতা ) ঠিকানা।
ডাক্তার বি. এন. রায় এইখানে থাকে।
ঔষধ পাইতে হ'লে পত্র দেন তাঁকে।





## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন"    টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

### মরা মানুষ বাঁচাইবার উপায় :—






আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ৮/০ আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

বিশ্বস্ত প্রতিষ্ঠান

## চা-সংসদে

রকমারী সুগন্ধি দার্জ্জিলিং চা এবং আসাম ও ডুয়ার্সের ভাল চা ন্যায্য মূল্যে পাবেন। আপনাদের সহানুভূতি ও শুভেচ্ছা কামনা করি।

চা-সংসদ    রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।